কুমিল্লা বিশ্ববিদ্যালয়
কুমিল্লা- ৩৫০৬

স্মারক নং-কু:বি:/প্রশা.রেজিস্ট্রার/বৃত্তি (ছাত্র-ছাত্রী)/০৭৬/২০০৮/ ১৭৭৯ তারিখঃ ০১/১০/২০২৩খ্রি.

# ইউজিসির মেধাবৃত্তি ও মেধাবী প্রতিবন্ধীদের জন্য মনোনয়ন আহবান

(ক) এতদ্বারা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (মাস্টার্স) শ্রেণীতে অধ্যয়নরত (সর্বশেষ অনার্স কোর্স সম্পন্নকারী) শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা অত্র বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) পরীক্ষা সম্পন্ন করেছেন তাদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরধারীদের কাছ থেকে ইউজিসি মেধাবৃত্তির জন্য মনোনয়ন আহবান করা হ'ল।
(খ) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারে অধ্যয়নরত প্রতিবন্ধী (দৃষ্টিহীন প্রতিবন্ধীদেরকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে) শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সেমিস্টার পরীক্ষার রেজাল্ট পেয়েছে (পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় থেকে প্রকাশিত হয়েছে) তাদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরধারীদের কাছ থেকে ইউজিসির মেধাবৃত্তির জন্য মনোনয়ন আহবান করা হলো। যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীদেরকে ২য়/৪র্থ/৬ষ্ঠ সেমিস্টারের ফলাফল কপিসহ **আগামী ১৬/১০/২০২৩ইং** তারিখের মধ্যে www.ugc.gov.bd ওয়েব সাইট থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করে পূরণপূর্বক সকল কাগজপত্রাদি বিভাগ ও সংশ্লিষ্ট অনুষদের মাধ্যমে রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ ইউজিসি থেকে প্রেরিত বিজ্ঞাপন কপি (২ পাতা)।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-

০১.১০.২০২৩

(মোঃ আমিরুল হক চৌধুরী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়,
০১/১০/২৩

প্রয়োজনীয় কার্যার্থে কপি বিতরণ:

১। বিভাগীয় প্রধান, গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব / গণযোগাযোগ ও সাংবাদিকতা / সিএসই/ আইসিটি/ এআইএস/ মার্কেটিং/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ আইন বিভাগ কু.বি. ।(উত্তীর্ণ সকল শিক্ষার্থীকে অবহিতকরণের অনুরোধসহকারে)
২। আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি।
৩। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি।
৪। সকল নোটিশ বোর্ড, কু:বি:।

অনুলিপি:

১। **ডিন,** বিজ্ঞান/প্রকৌশল/সামাজিকবিজ্ঞান/কলা ও মানবিক/বিজনেস স্টাডিজ/আইন অনুষদ, কু.বি.
(স্ব-স্ব অনুষদ থেকে অগ্রায়নকপিসহ একজন করে মনোনয়ন দেয়ার অনুরোধসহকারে)।
২। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
৩। অফিস কপি

E:\A.R (M) File\Stipend File\Stipend Notice.doc

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.৮৩৮

**বিষয়: পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য ইউজিসি মেধাবৃত্তি ২০২৩ এর মনোনয়ন আহবান।**

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের প্রত্যেক অনুষদ থেকে একজন করে মেধাবৃত্তির জন্য মনোনয়ন প্রদানের বিধান রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর শিক্ষার্থীদের মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র প্রকৌশল, কৃষি ও চিকিৎসা বিষয়ক অনুষদের ক্ষেত্রে সকল বিভাগের স্নাতক (শেষবর্ষ)-এর পূর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর পরই উক্ত ফলাফলের ভিত্তিতে প্রতি অনুষদ থেকে একজন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ০১ (এক) জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে (প্রতি বছর হিসাবে মোট ০৪ বছরের জন্য) বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীর বিবরণ একই তালিকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

৫। একই শিক্ষাবর্ষে একই অনুষদ থেকে একাধিক শিক্ষার্থীর মনোনয়ন না পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৬। এমতাবস্থায়, মনোনীত শিক্ষার্থীদের মনোনয়ন ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে আগামী ৩১-১০-২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্যঃ প্রত্যেক অনুষদের আবেদন পত্র ও বিবরণসহ অবশ্যই তাদের রেজিস্ট্রারের অগ্রায়নপত্রের (শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকাসহ) মাধ্যমে একসাথে পাঠাতে হবে।

উক্ত পত্র জারির পর কমিশন থেকে মেধাবৃত্তির জন্য আর কোনো মনোনয়ন আহবান করা হবে না, বরং বিশ্ববিদ্যালয়সমূহ উক্ত নির্দেশনা মোতাবেক কমিশনে যথাসময়ে মনোনয়ন প্রেরণ করবেন। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা ও আবেদন ফরম কমিশনের ওয়েব সাইট (www.ugc.gov.bd) থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

০৩-০৯-২০২৩
মোঃ শাহীন সিরাজ
অতিরিক্ত পরিচালক, রিসাপা ডিভিশন

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়;
২। রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়;

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, প্লট নং- ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Web: www.ugc.gov.bd

২৭৮

## ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী

এই নীতিমালায় বর্ণিত সকল বৃত্তি ইউজিসি মেধাবৃত্তি হিসাবে গণ্য হবে এবং তা ইউজিসি'র তহবিল হতে প্রদান করা হবে। দুইটি পৃথক ক্যাটাগরিতে এই বৃত্তি প্রদান করা হবে, (ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরি এবং (খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরি

(ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

১। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ থেকে ১ (এক) জন শিক্ষার্থীকে এক বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

২। জেনারেল ডিসিপ্লিনের ক্ষেত্রে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী যারা মাস্টার্সে অধ্যয়নরত রয়েছেন, তাদেরকে এই বৃত্তি প্রদান করা হবে। তবে প্রকৌশল, কৃষি এবং চিকিৎসা ডিসিপ্লিনের ক্ষেত্রে কেবল মাত্র স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের ৬ষ্ঠ সেমিস্টার সম্পন্নকারী শিক্ষার্থিদের বৃত্তি প্রদান করা যাবে।

৩। বৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রত্যেক অনুষদের সর্বোচ্চ মার্কসধারী ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের বিবেচনা করা যাবে। এক্ষেত্রে ১ম স্থান অর্জনকারী যদি এই নীতিমালায় বর্ণিত শর্তের আলোকে যোগ্য বলে বিবেচিত না হন, তবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন এবং অনুরূপভাবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত না হলে ৩য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন।

৪। সিজিপিএ বা ফলাফল সমান হলে এইচ.এস.সি ও এসএসসি পরীক্ষার ফলাফল বিবেচনাপূর্বক সার্বিক বিচারে প্রার্থী নির্বাচন করে বৃত্তি প্রদান করা যাবে।

৫। বৃত্তি হিসাবে প্রতি মাসে ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ০১ (এক) বছরে ২,০০০X ১২ মাস= ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা প্রদান করা হবে এবং বই পুস্তক কেনার জন্য এককালীন ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হবে।

৬। কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে একই বছরে একাধিক শিক্ষার্থাকে বৃত্তি প্রদান করা যাবে না।

(খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

১। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর সর্বোচ্চ ০১ (এক) জন শিক্ষার্থী ০৪ (চার) বছর করে মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীকে প্রতি বছর হিসাবে মোট ০৪ (চার) বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

২। স্নাতক পর্যায়ের ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারে অধ্যয়নরত এবং স্নাতক ডিগ্রি সম্পন্নকারীগণকে এই বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে অব্যবহিত পূর্বের সেমিস্টারের পরীক্ষার ফলাফল বিবেচনা করা হবে।

(গ) যে সকল শিক্ষার্থী সকল পর্যায়ের পরীক্ষাতেই প্রথম বিভাগ/১ম শ্রেণীতে অথবা সমমানের ফলাফল করে উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই এই বৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

(ঘ) গর্হিত আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোন শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে থাকলে সেই শিক্ষার্থী এই বৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে ;

(ঙ) অনিয়মিত শিক্ষার্থী আছে এমন শিক্ষার্থী মনোনয়ন বিবেচনা যোগ্য নয়। তবে তা' অনধিক এক বৎসর হলে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার স্বাক্ষরিত যুক্তিসংগত কারণসহ মনোনয়ন পাওয়া গেলে কমিশন কর্তৃপক্ষ বিবেচনা করে দেখতে পারেন ;

(চ) ইউজিসি মেধাবৃত্তিধারী শিক্ষার্থীগণ বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবেন।



Scanned with CamScanner